

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রোগ্রামারের কার্যালয়
কাহালু, বগুড়া।

স্মারক নং - ৫৬.০৪.১০৫৪.০০১.০৩.০০১-১৯-০১

তারিখ : ২৪ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ


নোটিশ

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সহায়তায়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, কাহালু, বগুড়া কর্তৃক ২৫ জন শিক্ষিত বেকার যুবককে অনলাইন হতে ক্ষুদ্র উপার্জন সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করা হবে। নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নং, জাতীয়তা, এনআইডি, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ইত্যাদি তথ্য সম্বলিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। আত্রহী প্রার্থীদের আগামী ২৯-০৯-২০১৯ খ্রিঃ তারিখে সকাল ১০ ঘটিকায় মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র সহ দরখাস্ত জমাদানের জন্য বলা হলো।

বিঃ দ্রঃ একই দিনে সকাল ১১ ঘটিকায় কম্পিউটার অ্যাপটিটিউভ টেস্ট অনুষ্ঠিত হবে। এ জন্য সকলকে ল্যাপটপ ও ইন্টারনেট কানেকশন সহ উপস্থিত হবার জন্য বলা হলো।

যোগ্যতাঃ

- ১। কাহালু উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। শিক্ষাগত যোগ্যতা নূন্যতম এইচএসসি/সমমান (ডিগ্রী/অর্নাস পাসকৃতদের অগ্রাধিকার দেয়া হবে)।
- ৩। কম্পিউটার, ইন্টারনেট সম্পর্কে বেসিক জ্ঞান থাকতে হবে।

 24-09-19

(মোঃ শাহরিয়ার ছিদ্দিক)

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, কাহালু, বগুড়া।

ই মেইল: shahriarcse@yahoo.com